গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
আইসিটি শাখা
www.jhenaidah.gov.bd

জেলা ইনোভেশন কমিটির এপ্রিল ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | এস.এম. রফিকুল ইসলাম<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৭.০৪.২০২৪ খ্রি. |
| সভার সময় | বেলা ১১:১৫ টা |
| স্থান | 'বৈঠক' Meeting App |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য |

সভাপতি 'বৈঠক' Meeting App এ যুক্ত জেলা ইনোভেশন কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি জানান, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নের কোন বিকল্প নেই। তাই সকল দপ্তরকে তাদের নিজ নিজ অধিক্ষেত্রের মধ্য থেকে সময়োপযোগী উদ্ভাবনী আইডিয়া গ্রহণ করতে হবে। তিনি আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কে অনুরোধ করেন।

সভায় নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:-

| ক্র: নং: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | <u>গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:</u><br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মার্চ, ২০২৪ মাসে অনুষ্ঠিত জেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। সংযুক্ত সদস্যগণ কোন সংশোধনী নেই মর্মে জানান। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সভায় গৃহীত হয়। | সহকারী কমিশনার, আইসিটি শাখা |
| ০২ | <u>উপজেলা ইনোভেশন কমিটির সভা অনুষ্ঠান :</u><br>উপজেলা নির্বাহী অফিসারগণ উপজেলা পর্যায়ে নিয়মিতভাবে ইনোভেশন কমিটির সভা আয়োজনপূর্বক পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করতে হবে। | নিয়মিতভাবে উপজেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ |
| ০৩ | <u>কার্যপত্র প্রেরণ:</u><br>জেলা ইনোভেশন কমিটির সভার নিমিত্ত প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে কার্যপত্র প্রেরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | জেলা ইনোভেশন কমিটির সভার নিমিত্ত কার্যপত্র প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | জেলা ও উপজেলা কমিটির সকল সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **ইনোভেশন প্রকল্প বাস্তবায়ন :**<br>'স্মার্ট বাংলাদেশ' বিনির্মাণে ঝিনাইদহ জেলায় নিম্নোক্ত ইনোভেশন প্রকল্পগুলি চলমান রয়েছে-<br>ক) আত্মহত্যা প্রবণতা প্রতিরোধ করি, সুন্দর ভবিষ্যৎ গড়ি<br>**খ)** বেদে পল্লীর জীবনমান উন্নয়ন<br>গ) স্মার্ট ভিলেজ<br>ঘ) মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশবান্ধব ভার্মি কম্পোস্ট উৎপাদন এবং ব্যবহার সম্প্রসারণ এর মাধ্যমে রাসায়নিক সারের ব্যবহার হ্রাসকরণ<br>ঙ) ঝিনাইদহ জেলার সকল বিদ্যালয়ে ডিজিটাল হাজিরা চালুকরণ<br>ছ) 'স্মার্ট বাংলাদেশ গড়তে স্মার্ট স্কুল'<br>গৃহীত ইনোভেশনগুলি জেলা কমিটি কর্তৃক নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১। **'Leadership for Communicative English' এর উপর Inhouse Training চলমান রাখতে হবে।**<br>২। ইনোভেশন প্রকল্পসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>৩। প্রকল্পসমূহের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং নিয়মিত ভাবে প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ |
| ০৫ | **নতুন প্রকল্প গ্রহণ:** সভায় নতুন প্রকল্প গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষ উপজেলা কৃষি অফিস, কোটচাঁদপুর কর্তৃক গৃহীত " উৎপাদিত জৈব সারের ডিজিটাল মার্কেটিং এবং জনাব ওহিদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, মহেশপুর, ঝিনাইদহ গৃহীত " শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও মোবাইল ডিভাইসের সঠিক ব্যবহার করে ২০২৪ সালের মধ্যে ৫০ জন খুদে পাইথন প্রোগ্রামার তৈরি" প্রকল্প দুটি জেলা কমিটির ইনোভেশনের তালিকায় অর্ন্তভুক্ত করার সহকারী কমিশনার, আইসিটি শাখাকে নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা কৃষি অফিস, কোটচাঁদপুর কর্তৃক গৃহীত " উৎপাদিত জৈব সারের ডিজিটাল মার্কেটিং এবং জনাব ওহিদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, মহেশপুর, ঝিনাইদহ গৃহীত " শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও মোবাইল ডিভাইসের সঠিক ব্যবহার করে ২০২৪ সালের মধ্যে ৫০ জন খুদে পাইথন প্রোগ্রামার তৈরি" প্রকল্প দুটি জেলা কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, কোটচাঁদপুর ও মহেশপুর<br>০২। সহকারী কমিশনার, আইসিটি শাখা |
| ০৫ | **বিবিধ:** সভাপতি বিগত ৩০-৩১ মার্চ ২০২৪ তারিখে বিভাগীয় ইনোভেশন শোকেসিং এ জনাব ওহিদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, মহেশপুর, ঝিনাইদহ গৃহীত " শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও মোবাইল ডিভাইসের সঠিক ব্যবহার করে ২০২৪ সালের মধ্যে ৫০ জন খুদে পাইথন প্রোগ্রামার তৈরি" প্রকল্পটি শ্রেষ্ঠ পুরস্কার পাওয়ায় সভার মাধ্যমে সহকারী প্রোগ্রামারসহ এ টিমের সকল সদস্যকে ধন্যবাদ জানান। একই সাথে প্রকল্পটি বাস্তবায়নে সকল সহকারী প্রোগ্রামারগণকে সহযোগিতা প্রদান ও সকল উপজেলায় প্রকল্পটি পাইলটিং করার জন্য অনুরোধ জানানো হয়। | প্রকল্পটি সকল উপজেলায় পাইলটিং করতে হবে এবং প্রকল্পটি বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক আগামী ৩০.০৪. ২০২৪ খ্রি. তারিখের মধ্যে সভাপতি, জেলা ইনোভেশন বাস্তবায়ন কমিটি, ঝিনাইদহ বরাবর প্রেরণ করতে হবে। | জেলা কমিটির সকল সদস্য, ঝিনাইদহ, প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঝিনাইদহ ও সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এস.এম. রফিকুল ইসলাম
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৪০০.০২১.০২.০০২.১৬.২৬

তারিখ: ৫ বৈশাখ ১৪৩১
১৮ এপ্রিল ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
৩) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
৪) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
৫) অতিরিক্ত জেলা প্রশাসক (সকল),ঝিনাইদহ
৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ
৭) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঝিনাইদহ
৮) জেলা....................................., ঝিনাইদহ
৯) অধ্যক্ষ......................................, ঝিনাইদহ

এস.এম. রফিকুল ইসলাম
জেলা প্রশাসক